

৯৭ শিক্ষকের বিরুদ্ধে শান্তির সুপারিশ

■ সমকাল প্রতিবেদক

কোচিং বাণিজ্যে জড়িত থাকার দায়ে ঢাকা মহানগরের আট শিক্ষা প্রতিষ্ঠানের ৯৭ জন শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছে দুর্নীতি দমন

কোচিং বাণিজ্য

মন্ত্রিপরিষদ বিভাগে দুদকের তালিকা

কমিশন (দুদক)। তালিকা পাঠানো হয়েছে মন্ত্রিপরিষদ বিভাগে। গতকাল সোমবার দুদক সচিব ড. মো. শামসুল আরেফিন স্বাক্ষরিত চিঠিসহ তালিকাটি পাঠানো হয় মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলমের কাছে।

দুদকের তদন্তে এমপিওভুক্ত চারটি শিক্ষা প্রতিষ্ঠানের ৭২ জন ও চারটি সরকারি বিদ্যালয়ের ওই ২৫ জন

শিক্ষকের বিরুদ্ধে কোচিং বাণিজ্যের সঙ্গে জড়িত থাকার প্রমাণ পাওয়া গেছে বলে চিঠিতে উল্লেখ করা হয়।

অনৈতিক ও অবৈধ কোচিং বাণিজ্য বন্ধ নীতিমালা-২০১২ অনুযায়ী সরকারি কর্মচারী (শিক্ষা ও আপিল) বিধিমালা-১৯৮৫-এর অধীনে ওই বাণিজ্যকে অপরাধ হিসেবে গণ্য করে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের কথা বলা হয়েছে দুদকের চিঠিতে। গত ২০ আগস্ট কোচিং বাণিজ্যের সঙ্গে জড়িত ওই আট শিক্ষা প্রতিষ্ঠানের ১০২ জন শিক্ষকের

■ পৃষ্ঠা ১৫
কলাম ১

৯৭ শিক্ষকের বিরুদ্ধে

[প্রথম পৃষ্ঠার পর]
তালিকা 'দৈনিক সমকালে' প্রকাশিত হয়েছিল। এরপর এ ক্ষেত্রে দুদকের তদন্ত আরও গতি পায়। ওই ১০২ জনের তালিকা যাচাই করে ৯৭ জনের নাম মন্ত্রিপরিষদ বিভাগে পাঠানো হয়।

কোচিং বাণিজ্যের তথ্যপ্রমাণ পাওয়া ৯৭ শিক্ষকের মধ্যে এমপিওভুক্ত আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের ৩৬ জন, মতিঝিল মডেল স্কুল অ্যান্ড কলেজের ২৪ জন, ভিকারুননিসা নুন স্কুল অ্যান্ড কলেজের সাতজন, রাজউক উত্তরা মডেল স্কুল অ্যান্ড কলেজের পাঁচজন ও সরকারি মালিকানাধীন মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ১২ জন, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের চারজন, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ের একজন ও গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুলের আটজন শিক্ষকের নাম রয়েছে।

দুদকের চিঠিতে কোচিং বাণিজ্য রোধে জড়িত শিক্ষকদের এক বিদ্যালয় থেকে অন্য বিদ্যালয়ে, এক শাখা থেকে অন্য শাখায়, দিবা শিফট থেকে প্রভাতি শিফটে বা প্রভাতি শিফট থেকে দিবা শিফটে নির্দিষ্ট সময় অন্তর বদলি করার সুপারিশ করা হয়েছে।

৯৭ শিক্ষকের তালিকা

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ : প্রভাতি শাখার সহকারী শিক্ষক নিজাম উদ্দিন কামাল (ইংরেজি), আবদুল মানান (রসায়ন), উম্মে ফাতিমা (বাংলাদেশ ও বিশ্বপরিচয়), মো. আজমল হোসেন (বাংলা), আবদুল হালিম (গণিত), গোলাম মোস্তফা (গণিত ও বিজ্ঞান), লাভলী আখতার, তাসমিন নাহার ও মতিনুর (ইংরেজি), উম্মে সালমা (ইংরেজি বিভাগ, ইংলিশ ভার্শন), মো. আবদুল জলিল (ব্যবসায় শিক্ষা), মনিরা জাহান (ইংরেজি), ফাহিমদা খানম পন্নী (গণিত), লুৎফুন নাহার (গণিত), হামিদা বেগম সহকারী শিক্ষিকা (গণিত), নাজনীন আক্তার (গণিত), দিবা শাখার সহকারী শিক্ষক আশরাফুল আলম (রসায়ন), সুবাস চন্দ্র পোদ্দার (রসায়ন), মোহাম্মদ ফখরুদ্দীন (রসায়ন), উম্মে সালমা-২ (ইংরেজি), তৌহিদুল ইসলাম (ইংরেজি), সুরাইয়া জান্নাত (ইংরেজি), মো. সফিকুর রহমান-৩ (গণিত ও বিজ্ঞান), মো. শফিকুর রহমান সোহাগ (গণিত ও বিজ্ঞান)।

এ ছাড়া সহকারী শিক্ষক নুরুল আমিন-২ (গণিত), মনিরুল ইসলাম (ইংরেজি), রফিকুল ইসলাম (সমাজবিজ্ঞান), গোলাম মোস্তফা (গণিত), মো. অহিদুজ্জামান (বাংলা), মো. শফিকুল ইসলাম (ইংরেজি), মো. মাহবুবুর রহমান (পদার্থবিজ্ঞান), মো. মোয়াজ্জেম হোসেন (গণিত), মাকসুদা বেগম মাল্লা, আলী নেওয়াজ আলম করিম, মো. আবুল কালাম আজাদ, মো. আবদুর রবের নাম রয়েছে দুদকের কাছে।
মতিঝিল মডেল স্কুল অ্যান্ড কলেজ : প্রভাতি শাখার

সহকারী শিক্ষক মোহনলাল ঢালী, মো. কবীর আহমেদ, হাসান মঞ্জুর হিলালী, দিবা শাখার সিনিয়র শিক্ষক প্রদীপ কুমার বসাক, আবুল খায়ের, শারমীন খানম, দায়িমপ্রাণ শাখাপ্রধান মো. দেলোয়ার হোসেন, সহকারী শিক্ষক মাওলানা কামরুল হাসান, মো. রুহুল আমিন-২, মো. কামরুজ্জামান, আমান উল্লাহ আমান, মো. সাইফুল ইসলাম, স্কুল শাখার ভারপ্রাপ্ত সহকারী প্রধান শিক্ষক এনামুল হক, সিনিয়র শিক্ষক মেজবাহুল ইসলাম (ইংরেজি), সুবীর কুমার সাহা (গণিত), বাসুদেব সমাদ্দার, মিসেস বকুল বেগম, আসাদ হোসেন (ইংরেজি), খ. ম. কবির আহমেদ, শেখ শহীদুল ইসলাম, শুকদেব ঢালী, হামিদুল হক খান, রমেশ চন্দ্র বিশ্বাস, চন্দন রায়।

ভিকারুননিসা নুন স্কুল অ্যান্ড কলেজ : প্রভাতি শাখার সহকারী শিক্ষক কামরুন্নাহার চৌধুরী (ইংলিশ ভার্শন), এ ছাড়া সহকারী শিক্ষক ড. ফারহানা (পদার্থবিজ্ঞান), শাহনেওয়াজ পারভীন, সুরাইয়া নাসরিন (ইংরেজি), লক্ষ্মী রানী, ফেরদৌসি, নুশরাত জাহানের নাম রয়েছে।
রাজউক উত্তরা মডেল স্কুল অ্যান্ড কলেজ : এবিএম মইনুল ইসলাম, মো. আলী আকবর, মো. রেজাউর রহমান, মোহাম্মদ কামরুল ইসলাম, মোহাম্মদ কামরুজ্জামান।

মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয় : প্রভাতি শাখার সহকারী শিক্ষক আবুল হোসেন মিয়া (ভৌতবিজ্ঞান), মো. মোখতার আলম, (ইংরেজি), মো. মাইনুল হাসান ভূঁইয়া (গণিত), মুহাম্মদ বেলায়েত হোসেন (গণিত), মুহাম্মদ আফজালুর রহমান (ইংরেজি), মো. ইমরান আলী (ইংরেজি), দিবা শাখার সহকারী শিক্ষক মোহাম্মদ কবীর চৌধুরী, এবিএম ছাইফুদ্দীন ইয়াহ, মো. মিজানুর রহমান, মো. আবুল কালাম আজাদ, মো. জহিরুল ইসলাম, সহকারী শিক্ষক মো. জামাল উদ্দিন বেপারী।

মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় : প্রভাতি শাখার সহকারী শিক্ষিক নুরুন্নাহার সিদ্দিকা (সামাজিক বিজ্ঞান), দিবা শাখার সহকারী শিক্ষক শাহ মো. সাইফুর রহমান (গণিত), মো. শাহ আলম (ইংরেজি), নাহিমা আক্তার (ভূগোল)।

খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয় : সহকারী শিক্ষক মো. নাছির উদ্দিন চৌধুরী। এই প্রতিষ্ঠানের আরও কিছু শিক্ষকের নাম যাচাই করা হচ্ছে।
গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল : প্রভাতি শাখার সহকারী শিক্ষক মো. শাহজাহান সিরাজ (গণিত), মোহাম্মদ ইসলাম (গণিত), মো. জাকির হোসেন, দিবা শাখার সহকারী শিক্ষক মো. শাহজাহান (গণিত), মো. আবদুল ওয়াদুদ খান (সামাজিক বিজ্ঞান), মো. আলতাফ হোসেন খান (ইংরেজি), মো. আযাদ রহমান (ইংরেজি), রঞ্জিত কুমার শীল (গণিত)।